

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগরের বাজার তদারকিঃ

বিভিন্ন অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ৪৯.০০ হাজার টাকা জরিমানা

২৩ জুন ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২টি মোবাইল টিমের নেতৃত্বে ঢাকা মহানগরের মিরপুর ও পল্লবী এলাকায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রণব কুমার প্রামাণিকের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর ও পল্লবী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বনলত পেন্স্ট্রি শপকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং একই অপরাধে স্পন্সুপার শপকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে গসিপ রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদনের অপরাধে মুসলিম সুইটস কনফেকশনারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে গসিপ রেস্টুরেন্টকে ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ২টি বাজার তদারকির মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে মোট ৪৯,০০০/- (উন্পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আর্মড পুলিশ ব্যাটালিয়ান এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(ইন্দ্রনী রায়)

সহকারী পরিচালক (প্র. ও প্র.)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার তিস্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।